কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

আর্থিক লিপি

www.facebook.com/arthiklipiepaper | Siliguri Office : Ph : 0353-2521544, Fax : 0353-2521545, E-mail : lipi.siliguri2015@gmail.com | ৮ পাতা

Vol - XIII, ISSUE - 189 | শিলিগুড়ি ● শুক্রবার ● ২১ আষাঢ়, ১৪২৫ ● ৬ জুলাই, ২০১৮ ● SILIGURI ● FRIDAY ● JULY 6, 2018 | ₹ 3

খুশি কুমারস্বামী

কর্নাটকের মুখ্যমন্ত্রী এইচডি কুমারস্বামী বৃহস্পতিবার বিধানসভায় বাজেট পেশ করেছেন। তাঁর সরকার ৩৪,০০০ কোটি টাকা কৃষিঋণ মকুব করেছে। এই সিদ্ধান্তে রাজ্যের কৃষকরা খুশি।

শশীর জামিন

কংগ্রেস সাংসদ শশী থারুর সুনন্দা পুষ্কর হত্যা মামলায় আগাম জামিন পেলেন। দু'দিন আগে দিল্লির আদালতে তিনি আগাম জামিনের আবেদন করেছিলেন। তাঁর এই জামিন মঞ্জুর করে দিল্লির পাতিয়ালা হাউস কোর্ট।

‘সরকারি টাকার অপব্যবহার বরদাস্ত নয়’

খরচ কমানোর নির্দেশ মুখ্যমন্ত্রীর

নবান্নে বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশে মন্ত্রী ফিরহাদ হাকিম, অমিত মিত্র, সুব্রত মুখোপাধ্যায়, মুখ্যসচিব মলয় দে প্রমুখ। ছবি-শ্যামল মৈত্র

দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়

৫ জুলাই : সাধারণ মানুষের সার্বিক উন্নয়নই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকারের প্রথম অগ্রাধিকার। তাই জনগণের উন্নয়নমূলক কাজে সরকারি টাকা খরচ করা ছাড়া অহেতুক লাক্সারি করা এবং অপ্রয়োজনীয় ক্ষেত্রে সরকারি টাকা খরচ করা যাবে না। এমনই সিদ্ধান্ত নিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার নবান্নের সভাঘরে স্টেট রিভিউ মিটিংয়ের ডাক দেন মুখ্যমন্ত্রী। এই বৈঠকে রাজ্য সরকারের সমস্ত দফতরের মন্ত্রী, সচিব, ফিনান্সিয়াল অ্যাডভাইজাররা উপস্থিত ছিলেন। বৈঠকে মুখ্যসচিব, স্বরাষ্ট্র সচিব, ডিজি পুলিশ, পুলিশ কমিশনার উপস্থিত ছিলেন। এই বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্টভাষায় সব মন্ত্রী ও আমলাদের নির্দেশ দেন, অপ্রয়োজনীয় খরচ সরকারি কোষাগার থেকে অবিলম্বে বন্ধ করতে হবে। সরকারি টাকা মানুষের টাকা, তা দিয়ে অহেতুক লাক্সারি করা যাবে না।

রাজ্যে আর্থিক সংকটের মোকাবিলায় সরকারি খরচ কমাতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বৃহস্পতিবার তাঁর মন্ত্রিসভার সদস্য এবং আমলাদের নিয়ে বৈঠকে বসেছিলেন। এই বৈঠকে তাঁর সরাসরি নির্দেশ, সরকারি টাকার অপব্যবহার বরদাস্ত করা হবে না। খরচ কমানোর ওপর জোর দিতে হবে। বৈঠকের পর মুখ্যমন্ত্রী নবান্নে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, সরকারের টাকা মানুষের টাকা। সেই টাকা খরচ করে লাক্সারি করা চলবে না। অপচয় কমাতে হবে। টাকা বাঁচিয়ে উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। অন্যান্য মন্ত্রীদের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, বাজেটে বরাদ্দ অর্থ ফেলে রাখলে চলবে না। অতিরিক্ত খরচ করাও চলবে না। এর জন্য প্রয়োজনে ট্রেনিংয়ের ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সরকারি অর্থের অপচয় রুখতে অত্যাধুনিক পরিকল্পনার কথা বলেছেন। আমলাদের 'ইনোভেটিভ আইডিয়া' বের করার নির্দেশ দিয়েছেন। সরকারি টাকা অপচয় রুখতে টেন্ডার বিভ্রাট বন্ধের নির্দেশ দিয়েছেন তিনি।

খরচ কমানোর জন্য নির্দেশিকার সঙ্গে সঙ্গে বৃহস্পতিবার বৈঠকে সাদামাটা খাবারের ব্যবস্থা হয়েছিল। মুখ্যমন্ত্রীর ব্যয় সংকোচের প্রতিফলন দেখা গেল মন্ত্রী, আধিকারিকদের মধ্যাহ্নভোজে। এদিন আমিষ পদের মধ্যে শুধুমাত্র রুইমাছই দেখা গেল। ছিল না মাংসের পদ। তবে মেনুতে ছিল ফিসফ্রাই বা কাটলেট। সাম্প্রতিক নির্দেশিকায় বলা হয়েছে, বৈঠকে লাঞ্চের ব্যবস্থা করলেও ঢালাও খাবার আনা যাবে না। ছোট প্যাকেটে সাধারণ খাবারের ব্যবস্থা করতে হবে। প্যাকেটের দাম নির্দেশিকায় স্পষ্ট করা প্রয়োজন। খরচ কমাতে এদিন ১৫ দফা নির্দেশিকা জারি করেন মুখ্যসচিব মলয় দে। পাশাপাশি একাধিক দফতরের দায়িত্বে থাকা সচিবদের একটি গাড়ি ব্যবহারের নির্দেশ।

হাইকোর্টের নতুন ভবন : কলকাতা হাইকোর্টের নতুন ভবন গড়ে তোলার জন্য রাজারহাটে ১০ একর জমি তুলে দিতে চলেছে রাজ্য সরকার। ২০৩ কোটি টাকা মূল্যের এই জমি মাত্র ১ টাকার বিনিময়ে হাতে তুলে দেবে রাজ্য সরকার। নবান্নে এই সুসংবাদ জানান রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে রাজ্য মন্ত্রী পরিষদের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি রাজ্যের ২৭টি নতুন জিএনএম বা নার্সিং ট্রেনিং সেন্টার তৈরি হতে চলেছে। এর জন্য ৮৯১টি নতুন পদ সৃষ্টি হবে। বর্তমানে রাজ্যে ৮৯টি এই ধরনের নার্সিং ট্রেনিং সেন্টার রয়েছে। এছাড়া রাজ্যের তিনটি হাসপাতাল নতুনভাবে উন্নীত করা হতে চলেছে। বাঁকুড়া সম্মেলনী, নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ ও মালদা মেডিক্যাল কলেজ। এই তিনটি মেডিক্যাল কলেজে মোট ৭৮৪টি নতুন বেড বাড়ানো হয়েছে। এছাড়া নতুন ১,৪৫৩টি পোস্টের সৃষ্টি হবে। পাশাপাশি চিৎপুর রেল স্টেশনের নিরাপত্তায় জিআরপি থানা তৈরি হবে।

খরচ কমানোর নিদান

- একাধিক দফতরের দায়িত্বে থাকা সচিবদের একটি গাড়ি ব্যবহারের নির্দেশ।
- বৈঠকে ঢালাও খাবার আনা যাবে না। ছোট প্যাকেটে সাধারণ খাবারের ব্যবস্থা করতে হবে। প্যাকেটের দাম নির্দেশিকায় স্পষ্ট করা প্রয়োজন।
- নতুন গাড়ি কেনা নয়।
- খরচ কমাতে ১৫ দফা নির্দেশিকা জারি করেন মুখ্যসচিব মলয় দে।

মদের আসরে বচসা, চলল গুলি সেই গুলিতে আহত সাধারণ পথচারী

নিজস্ব প্রতিনিধি, মালদহ: মদের আসরে দুই বন্ধুর বচসা। এক বন্ধুকে লক্ষ্য করে গুলি চালানোর আরেক বন্ধুর বিরুদ্ধে। লক্ষভষ্ট হয়ে গুলি লাগল এক সাধারণ পথচারীকে। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে মালদহের ইংরেজবাজার থানার ঝলঝলিয়ার ব্যারাক কলোনীর সুধন্যা মোড় এলাকায়। গুলিবিদ্ধ যুবকের নাম শ্যাম মালাকার (১৯)। পেশায় লরির খালাসী। এদিন সকালে কাজে যোগ দিতে যাওয়ার জন্য রাস্তা দিয়ে যাচ্ছিলো। সেই সময় দুই বন্ধুর ছোড়া গুলি তার বাম পায়ে গুলি লাগে। গুলির শব্দে এলাকাবাসী আসতেই অভিযুক্তরা পালিয়ে যায়। রক্তাক্ত অবস্থায় তাকে নিয়ে যাওয়া হয় মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে। ঘটনার খবর পেয়ে পুলিশ গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। এলাকাবাসী অভিযোগ, এই এলাকায় চলে রমরমিয়ে মদের আসড়। সেই আসড়ে প্রায়ই চলে ঝামেল মারামারি। পুলিশকে জানিয়েও কোন কাজ হয়নি। রাত বিরাতে ওই এলাকা দিয়ে প্রয়োজনে বের হওয়া যায় না। সব সময় আতঙ্কে থাকতে হয়। এদিনও সেই ঘটনাটি ঘটেছে। যার জেরে গুলি চলেছে। ইংরেজবাজার পুরসভার পুরসভার ভাইস চেয়ারম্যান দুলাল সরকার মদ জোয়ার আসরের কথা স্বীকার করে নেন তিনি। এর আগে আমাকেও গুলি করেছিল। পুলিশের ভূমিকা নিয়েও ক্ষোভ প্রকাশ করেন তিনি। তবে এতদিন যা হয়নি পুলিশকে বলব আইন অনুযায়ী ব্যবস্থা নিতে।

মহিলাকে ধর্ষণ ও খুনের চেষ্টায় অভিযুক্ত ১ ব্যক্তি

বাবুল সরকার, আলিপুরদুয়ার: ধর্ষণে বাধা পেয়ে মহিলাকে খুনের চেষ্টার ঘটনায় উত্তপ্ত হয়ে উঠল কালচিনি ব্লকের তোর্ষা চা বাগান। অভিযোগ, এলাকারই এক ব্যাক্তি ওই মহিলাকে ধর্ষণের চেষ্টা করে। বাধা পেয়ে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে মহিলাকে নালায় ফেলে দেয় অভিযুক্ত সামসুদ্দিন মিঞা। গ্রামবাসীরা মহিলাকে জখম অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। এরপর উত্তেজিত জনতা অভিযুক্ত সামসুদ্দিন মিঞার ঘরে আগুন লাগিয়ে দেয়। এছাড়াও ভূটানগামী রোড অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে উত্তেজিত জনতা। জয়গাঁর অতিরিক্ত পুলিশ সুপার গণেশ বিশ্বাস বিশাল পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। হাসিমারা দমকলের একটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে। স্থানীয় সূত্রে খবর, কালচিনির তোর্ষা চা বাগানের ৬৫ বর্ষীয় সামসুদ্দিন মিঞা বুধবার রাত ১২ টা নাগাদ তার প্রতিবেশী দুই কন্যা সন্তান মা ওই মহিলার ঘরে প্রবেশ করে তাকে ধর্ষণ করার চেষ্টা করে। মহিলাকে তার শিশুদের সামনে ধারালো অস্ত্র দিয়ে গলায় আঘাত করে। সামসুদ্দিন মিঞা মহিলাকে আঘাত করে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। বর্তমানে তিনি আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

পঞ্চায়েত কর্মীদের জিএসটির প্রশিক্ষণ দিল অর্থ দফতর

নিজস্ব প্রতিনিধি, মালদহ: জিএসটি সংক্রান্ত বিষয় নিয়ে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও ব্লক অফিসের কর্মীদের উপস্থিতিতে একটি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল। বৃহস্পতিবার দুপুরে মালদহ শহরের টাউন হলে এই প্রশিক্ষণ মালদহ জেলার ১৪৬ টি গ্রাম পঞ্চায়েত, ১৫টি পঞ্চায়েত সমিতি ও ব্লক অফিসের এগজিকিউটিভ এসিস্টেন্ট,সচিব,সহায়ক কর্মী, একাউনটেন্ট, হেড ক্লার্ক সহ বিভিন্ন ট্যাক্স কালেকশন কর্মীরা উপস্থিত হয়েছিলেন। তাদের প্রশিক্ষক দেন অর্থ দফতরের জয়েন কমিশনার দীপেশ দর্জি। এদিন মালদহ জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের আধিকারিক সুকান্ত সাহা জানিয়েছেন, জিএসটি অনেক ক্ষেত্রে লাগু রয়েছে। কিন্তু জিএসটি কি তা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং ব্লক অফিসের ক্যাশ সেকশনে যারা কাজ করেন তাদের অনেকের অজানা রয়েছে। সেইসব ক্ষেত্রে জিএসটির ব্যবহার কি ভাবে করা যায়। সুকান্ত স্বাবু বলেন, বিল পেমেন্টের ক্ষেত্রে কোথায় কিভাবে জিএসটির প্রয়োজনীয়তা রয়েছে তা জানতে আমরা অর্থ দফতরে দুই পদস্থকর্তা প্রশিক্ষণ দিয়েছেন। এতে করে কাজের তত্ত্বাবধানে ক্ষেত্রে অনেকেই জিএসটি সর্ম্পকে অবগত হয়েছেন।

কমিউনিটি কোচিং এর মাধ্যমে পাঠদান করবেন শিক্ষিত সিভিক ভলান্টিয়াররা

নিজস্ব প্রতিনিধি, বালুরঘাট: নার্সরী থেকে শুরু করে চতুর্থ শ্রেণী পর্যন্ত পড়ুয়াদের কমিউনিটি কোচিং এর মাধ্যমে পাঠদান করবেন শিক্ষিত সিভিক ভলান্টিয়াররা। স্কুলের নির্দিষ্ট সময় বাদে অন্যসময় এই কাজে ব্রতী হবেন সিভিক ভলেন্টিয়াররা। প্রত্যন্ত গ্রাম্য এলাকায় পিছিয়ে পড়া ক্ষুদে পড়ুয়াদের পড়াশুনায় উৎসাহিত করতে এই প্রয়াস বলেই জানা গেছে। দক্ষিণ দিনাজপুর জেলার পুলিশের উদ্যোগে প্রথম পর্যায়ে দক্ষিণ দিনাজপুর জেলার অন্তর্গত চারটি থানায় এই কমিউনিটি কোচিং সেন্টার চালু করা হয়েছে। সেগুলি হল, গঙ্গারামপুর থানার অন্তর্গত লেবুতলা, তপন থানার অন্তর্গত কশবা, কুমারগঞ্জ থানার অন্তর্গত ময়মনসিংহ কলোনী এবং বালুরঘাট থানার অন্তর্গত কৈ গ্রামে। এই চারটি জায়গায় গত পয়লা জুলাই থেকে শুরু হয়েছে এই টিউশন ক্লাস। নির্দিষ্ট থানার অন্তর্গত শিক্ষিত সিভিক ভলেন্টিয়াররা এই শিক্ষাদানের কাজ করেছেন। এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার দেবাশিস নন্দী জানান, রাজ্য পুলিশের তরফ থেকে নির্দেশিকা দেওয়া হয়েছিল বিভিন্ন কমিউনিটি ডেভলমেন্ট প্রকল্পগুলি পুলিশের মাধ্যমে বাস্তবায়িত করার জন্য। সেই মত দক্ষিণ দিনাজপুর জেলা পুলিশের উদ্যোগে দক্ষিণ দিনাজপুর জেলায় বিভিন্ন থানাতে আলাদা করে একটি টিউশন ক্লাস চালু করা হয়েছে। এর মূল উদ্দেশ্য হচ্ছে, যে সমস্ত পড়ুয়া স্কুলে পড়াশুনোর সুযোগ পায়না তাদের পড়ানো। তাদের হোমওয়ার্কগুলিকে প্র্যাকটিস করানো ইত্যাদি। এগুলি মূলত শিক্ষিত ভলেন্টিয়াররা করছে। এর পাশাপাশি ভবিষ্যতে চাহিদা অনুসারে বাড়ানো হতে পারে এই সংখ্যা।

ডেঙ্গু প্রতিরোধে উদ্যোগ নিল জেলা মৎস্য দফতর

নিজস্ব প্রতিনিধি,রায়গঞ্জ: ডেঙ্গু প্রতিরোধে এবার উদ্যোগে হল জেলা মৎস্য দফতর। মৎস্য দফতরের উদ্যোগে এবং উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জের পুরসভার সহায়তার শুক্রবার রায়গঞ্জ শহরের পুর এলাকায় বেশ কয়েকটি ওয়ার্ডে বদ্ধ জলাশয় ও নিকাশি নালাগুলিতে মশাখাদক গাপ্পি মাছ ছাড়ল জেলাশয় ও নিকাশি নালাগুলিতে মশাখাদক গাপ্পি মাছ ছাড়ল জেলা মৎস্য দফতর। জেলা মৎস্য দফতরের রায়গঞ্জ আধিকারিক বিদিশা মণ্ডল তার দফতরের কর্মীদের নিয়ে এবং রায়গঞ্জ পুরসভার চেয়ারম্যান ইন কাউন্সিল সাধন বর্মন ও স্যানিটারি ইন্সপেক্টর সুদেব দাসসহ পুরসভার কর্মীরা গাপ্পি মাছ ছাড়ার কর্মসূচিতে অংশগ্রহণ করেন। আজ মূলত কলেজপাড়া, দেবীনগর এলাকায় বদ্ধ নালা ও জলাশয়গুলিতে এক হাজার গাপ্পি মাছ ছাড়া হয়েছে। গত জুন মাসেই রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যরত এক ছাত্রী ডেঙ্গু আক্রান্ত হয়ে রায়গঞ্জ সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি হয়েছিলেন। এছাড়াও রায়গঞ্জ শহরের বিভিন্ন ওয়ার্ডে বদ্ধ জলাশয় ও নিকাশি নালা থেকে জন্ম নেওয়া মশার দাপটে অতিষ্ট রায়গঞ্জবাসী। রায়গঞ্জ পুরসভার পক্ষ থেকে মশা মারার কামান দাগা থেকে শুরু করে নিকাশানালা পরিস্কারের কাজ চলছে নিয়মিতই। মৎস্য দফতরের রায়গঞ্জের ব্লক আধিকারিক বিদিশা মণ্ডল জানিয়েছেন, মূলত ডেঙ্গু প্রতিরোধের উদ্দেশ্যেই আজ বিশ্ববিদ্যালয় চত্বর এলাকাসহ কলেজপাড়া, দেবীনগর এলাকাসহ কলেজপাড়া,দেবীনগর এলাকায় বদ্ধ নালা ও জলাশয়গুলিতে ডেঙ্গুবাহক মশা নিধনে গাপ্পি মাছ ছাড়া হল। এই কর্মসূচি আগামীতেও চালু থাকবে।

সুমিত্রা সরকারের বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ

নিজস্ব প্রতিনিধি, মালদহ: পঞ্চায়েত নির্বাচনের পরেও মালদহতে দলবদল অব্যাহত। এবার বড় ধাক্কা খেল বিজেপি। রতুয়া পঞ্চায়েত সমিতির বিজেপি প্রার্থী সুমিত্রা সরকার যোগ দিলেন তৃণমূলে। রতুয়া ২ নং পঞ্চায়েত সমিতিতে মোট ২৪ টি আসনের মধ্যে তৃণমূল কংগ্রেসে ১৭ টি আসনে জয়ী হয়। বিজেপি পায় তিনটি আসন ও বাকি আসনগুলো পায় কংগ্রেস। সুমিত্রা সরকার বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দেওয়ার তৃণমূলের আসনসংখ্যা হয়ে দাঁড়ালো আঠারোটি।

আজ শুরু কোয়ার্টার ফাইনালের লড়াই, নজরে বিশ্বমানের তারকারা

শুভাশিষ ভৌমিক

বিশ্বকাপ ক্রমশ ছোট হচ্ছে। শেষ ষোলোর লড়াই শেষ। প্রি-কোয়ার্টারের বাধা টপকে যে আটটি দল যোগ্যতা অর্জন করেছে কোয়ার্টার ফাইনালের- তারা হল ফেভারিট ব্রাজিল, ফ্রান্স, ডার্ক হর্স ইংল্যান্ড, বেলজিয়াম, জায়ান্ট কিলার উরুগুয়ে, ক্রোয়েশিয়া, আন্ডারডগ সুইডেন এবং আয়োজক দেশ রাশিয়া। আজ শুরু কোয়ার্টার ফাইনালের লড়াই। শেষ আটের লড়াইয়ে কোন দেশের কোন জুটি বা প্লেয়ার বিপক্ষের ত্রাস হয়ে উঠতে পারে, যাদের আটকানোর জন্য বিপক্ষের থিঙ্কট্যাঙ্কের বিশেষ পরিকল্পনা থাকবে। এমন কয়েকজন জুটি বা প্লেয়ারের সন্ধান দিল 'আর্থিক লিপি' দৈনিক খেলার পাতা 'মাঠে-ময়দানে'-

ব্রাজিল
নেইমার-কুটিনহো-উইলিয়ান

এই ব্রাজিল দলের নিউক্লিয়াস হল ফিলিপে কুটিনহো। দলের সবচেয়ে ধারাবাহিক খেলোয়াড়। মাঝমাঠে দলের খেলা তৈরি করছেন, তেমনই রকেট শটে বিপক্ষের গোলের জাল ছিঁড়ে দিচ্ছেন, তেমনই সুন্দর ড্রিবলিং, ডিফেন্স চেড়া থ্রু পাস। চলতি বিশ্বকাপে তাঁর নামের পাশে ২টো গোল লেখা আছে।

বর্তমানে ব্রাজিল দলের সেরা নক্ষত্র ও বিশ্বের অন্যতম সেরা খেলোয়াড় নেইমার জুনিয়র। ছন্দ ফিরে পেয়েছেন। পায়ের স্কিল-ড্রিবলিং, বিপক্ষ ডিফেন্ডারদের নাকানি-চোবানি খাওয়ান। যার জেরে মেক্সিকোকে বিদায় নিতে হয়েছে প্রি-কোয়ার্টার ফাইনাল থেকে। গত ম্যাচে ১টি গোল করেছেন ১টি করিয়েছেন। এই ব্রাজিল দলে সবচেয়ে আন্ডাররেটেড একজন প্লেয়ার উইলিয়ান। যে নীরবেনিজের কাজ করে যায়। দুর্দান্ত গতি, অসাধারণ বল কন্ট্রোল, দ্রুত জায়গা পরিবর্তন পায়ে দুরন্ত স্কিল, ড্রিবলিং রয়েছে। গত ম্যাচে তাঁর বাড়ানো পাস থেকেই গোলের মুখ খোলে।

সুতরাং বেলজিয়ামকে হারাতে হলে এই ত্রিফলাকে তাদের সেরা ছন্দে থাকতে হবে। কোয়ার্টার ফাইনালে নেইমার-কুটিনহো-উইলিয়ানের ভূমিকা গুরুত্বপূর্ণ হতে চলেছে।

ফ্রান্স
পোগবা-গ্রিজমান-এমবাপ্পে

পোগবা তিনি বিশ্বের সেরা মিডফিল্ডারের একজন। ক্লাব মরশুমে ফর্মে না থাকলেও বিশ্বকাপে তাঁর সেরা ছন্দ দেখা যাচ্ছে। যা কোচ আর দেশের কাছে শাপে বর। ফ্রান্সের মাঝমাঠের দায়িত্ব তাঁর, একদিকে যেমন ডিফেন্স চেড়া পাস বাড়াবেন অন্যদিকে বিপক্ষের আক্রমণের তাল কেটে কাউন্টার অ্যাটাক করবে দল। চলতি বিশ্বকাপে ১টি গোল করার পাশাপাশি ২টি গোলও করিয়েছেন। গ্রিজমান ক্লাব-দেশ তথা বিশ্বের অন্যতম সেরা একজন খেলোয়াড়। রোনাল্ডো-মেসি-নেইমারের পরেই তাঁর নাম আসবেই। তাঁর ঈর্ষণীয় বাঁ-পায়ের অসাধারণ স্কিল-ড্রিবলিং বিপক্ষের ডিফেন্ডার খুবই সহজেই কেটে যায়। যদিও চলতি বিশ্বকাপে তাকে এখন অবধি সেরা ছন্দে পাওয়া যায়নি। তাও অস্ট্রেলিয়া-আর্জেন্টিনা ম্যাচে পেনাল্টি থেকে গোল করে দলকে এগিয়ে দেন। এই বিশ্বকাপে তাঁর গোল সংখ্যা ২টি।

এই মুহূর্তে এমবাপ্পের উপরই এখন সমস্ত লাইম লাইট। উক্ত বিশ্বকাপে সবচেয়ে নজর কাড়া তরুণ। ইতিমধ্যেই তাঁর সঙ্গে স্বয়ং পেলে-বড় রোনাল্ডোর তুলনা টানা হচ্ছে। দুর্দান্ত গতি-স্কিল-ড্রিবলিং মোহিত গোটা ফুটবল বিশ্ব। পেরু ম্যাচে ১টি প্রি-কোয়ার্টারে ফাইনালে আর্জেন্টিনার বিপক্ষে জোড়া গোল করে গোল্ডেন বুটের দৌড়ে রয়েছেন।

সুতরাং উরুগুয়ের ডিফেন্স দুর্গ ভাঙতে হলে এই ত্রিভুজকে মানব থেকে অতিমানব হয়ে উঠতে হবে। কোয়ার্টার ফাইনালে খুব বড় পরীক্ষা পোগবা-গ্রিজু-এমবাপ্পের।

বেলজিয়াম
হ্যাজার্ড-ডি ব্রুইন-লুকাকু

প্রতিভা সবদেশেই থাকে। বর্তমানে এই বেলজিয়াম দলের সবচেয়ে বড় প্রতিভাটি হল এড়েন হ্যাজার্ড। সবুজ গালিচায় আপন মনে ছবি আঁকেন। যার ড্রিবলিং-এর ঝটকায় দু'তিনটে খেলোয়াড় ছিটকে যায় এক লহমায়। তেমনই ডিফেন্স চেড়া থ্রু বাড়ানো। প্রতিনিয়ত দুরন্ত পারফরম্যান্স করে দলকে উতরে দেওয়া একপ্রকার অভ্যাসে পরিণত করে ফেলেছেন। তিউনিসিয়ার বিপক্ষে জোড়া গোল করেছেন এবং ১টি গোলের পাস বাড়িয়েছেন। জাপানের বিরুদ্ধে সমতায় ফেরার গোলটা তাঁর ক্রস থেকেই হয়েছে।

এই বেলজিয়াম দলের প্রাণ ভোমরা মিঃ কে ডি বি। পুরো নাম কেভিন ডি ব্রুইন। মাঝমাঠে দায়িত্বে তিনি। বিশ্বের সেরা গেম মেকারদের একজন। তাঁর দেওয়া পাস এতটাই নিখুঁত যেন চোখ বুজেও গোল দেওয়া যায়। জাপানের বিরুদ্ধে শেষল্যাপে জয়সূচক গোলটি তাঁর তৈরি কাউন্টার অ্যাটাক দিয়ে হয়েছে। চলতি বিশ্বকাপে তাঁর বাড়ানো পাস দিয়ে দু-তিনটি গোল করেছে বেলজিয়াম।

বেলজিয়ামের হয়ে গোল করার গুরু দায়িত্ব তাঁর কাঁধে তিনি লুকাকু। এই স্ট্রাইকার গোলের কাছে দ্রুত পৌঁছে যেতে পারেন। হাফ চান্স থেকে যেমন গোল করে দিতে পারেন তেমনই অতি সহজ সুযোগ নষ্ট করেন। ইতিমধ্যেই চারটি গোল করে গোল্ডেন বুটের দৌড়ে দ্বিতীয় স্থানে। গত ম্যাচে সেভাবে জ্বলে উঠতে না পারলে শেষ মুহূর্তে তাঁরা ডামিটি অসম্ভব দামি। গোটা বেলজিয়াম দলও তাঁকে তাঁর সেরা ফর্মে দেখতে চাইছেন কোয়ার্টার ফাইনালে।

সুতরাং, ব্রাজিলের জমাট ডিফেন্সের সঙ্গে বেলজিয়ামের এই ত্রয়ীর লড়াই বেশ জমবে তা হলফ করে বলার অপেক্ষা রাখে না।

কোয়ার্টার ফাইনালে ক্যাসেমিরোবিহীন ব্রাজিলের মাঝমাঠ কেমন দখল নিতে পারে কে ডি ব্রুইন, হ্যাজার্ড এবং লুকাকু বিপক্ষের ডিফেন্সের ছোট্ট ভুল কাজে লাগিয়ে গোলমুখ খুলতে পারে কি না সেটাই এখন দেখার।

উরুগুয়ে
গডিন- গিমিনেজ- সুয়ারেজ

গডিন হল উরুগুয়ের এই দলটির অধিনায়ক। দলকে জয়ের জন্য উদ্বুদ্ধ করা, ঠিক তেমনই বিপক্ষের আক্রমণ প্রতিরোধ করছে খুব নিঁখুত ভাবে। প্রয়োজন উপরে উঠে যাচ্ছেন বিপক্ষ বক্সে, সেটপিস-ক্রসগুলি হেডদিয়ে গোল করার লক্ষ্যে। বিশ্বের সেরা সেন্টার ব্যাকের একজন তিনি।

বয়স ২৩'র তরুণ ডিফেন্ডারটি তাঁর অতি নিখুঁত ডিফেন্ডিং দক্ষতা দিয়ে ইতিমধ্যেই সাড়া জাগিয়েছেন। ক্লাব ফুটবলের ফর্মই যেন বিশ্বকাপেও বয়ে বেড়াচ্ছেন। আলতো ছোঁয়ায় বিপক্ষ স্ট্রাইকারের পা থেকে বল কেড়ে নেওয়া, তাছাড়া নিজেদের বক্সে আসা ত্রাসগুলি সুন্দর হেড দিয়ে ক্লিয়ার করে একেবারে স্বভাব সিদ্ধ ভঙ্গিতে। চলতি বিশ্বকাপে মিশরের বিপক্ষে শেষ মিনিটে হেড করে গোলকে জয়ের স্বাদ পাইয়ে গিমিনেজ।

সুয়ারেজ তাঁর মতো সুযোগ সন্ধানী ফরোয়ার্ড খুবই কম আছে। পেনাল্টি বক্সে খুবই ভয়ঙ্কর। হাফ চান্স থেকে গোল করতে জুড়ি মেলা ভার। ইতিমধ্যেই চলতি বিশ্বকাপে দুটি গোল করা হয়ে গেছে, একটি হেডে একটি ফ্রি-কিকে। তাঁর মাটি ঘেঁষা ফ্রি-কিকগুলি খুবই ভয়ঙ্কর। কাভানিবিহীন কোয়ার্টার ফাইনালে উরুগুয়ের হয়ে গোল করার গুরু দায়িত্ব তাঁর কাঁধে।

সুতরাং, গডিন-গিমিনেজ এই জুটি বিশ্বকাপের চারটি ম্যাচে মাত্র একটি গোল খেয়েছে। কিন্তু কোয়ার্টার ফাইনালে তাদের লড়াই খুব একটা সহজ হবে না ফ্রান্সের বিরুদ্ধে। তেমনই সুয়ারেজকেও খুব ভয়ঙ্কর হয়ে উঠতে হবে গোল করার লক্ষ্যে।